

# চবিতে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার দাবিতে শিক্ষার্থীদের বিক্ষেভ

নিজস্ব প্রতিবেদক

২ জুন ২০২২ ১২:৫৬ পিএম | আপডেট: ২ জুন ২০২২ ০১:১৭ পিএম

3  
Shares



ছবি: সংগৃহীত

advertisement

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের দাবিতে কাফনের কাপড় পরে বিক্ষেভ করেছেন শিক্ষার্থীরা। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে নগরীর ঘোলশহর রেলওয়ে স্টেশনের রেললাইন অবরোধ করে তারা এ কর্মসূচি পালন করেন।

আন্দোলনকারীরা জানান, দীর্ঘ ৬ মাস ধরে তারা আন্দোলন করে আসছেন। শিক্ষা মন্ত্রণালয়, ইউজিসি সবখানেই দাবির বিষয়ে অবহিত করেছিটি। একমতও হলেও কোনো পদক্ষেপ না নেওয়ার ক্ষেভ জানান তারা।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন বারবার কথা দিয়েও কোনো পদক্ষেপ নেননি বলে অভিযোগ জানান শিক্ষার্থীরা। এজন্য বাধ্য হয়ে আজ তারা কাফনের কাপড় পরে আন্দোলনে নেমেছেন।

মহামারির কারণে প্রস্তুতির ঘাটতি থাকায় কাঞ্চিত ফল পাওয়া যায়নি বলেও জানায় তারা। এদিকে আন্দোলনের কারণে সময়মতো ক্যাম্পাসে যেতে না পেরে ক্ষেভ জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা।

3  
Shares